খাবারে বিষক্রিয়ায় অসুস্থ ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু, তিন দিনের বিশ্রামে



সংগৃহীত ছবি

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু খাবারে বিষক্রিয়ায় আক্রান্ত হয়ে অসুস্থ হয়েছেন। চিকিৎসকদের পরামর্শে তিনি আগামী তিন দিন বাড়িতে বিশ্রামে থাকবেন এবং সেখান থেকেই দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করবেন। আগেও তার নানা শারীরিক জটিলতা দেখা গেছে।

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু খাবারে বিষক্রিয়ায় আক্রান্ত হয়েছেন বলে নিশ্চিত করেছে তার দফতর। রোববার (২০ জুলাই) স্থানীয় সময় এক বিবৃতিতে জানানো হয়, ৭৫ বছর বয়সী নেতানিয়াহু রাতে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। পরে তার শরীরে অন্ত্রের প্রদাহ ও পানিশূন্যতার লক্ষণ ধরা পড়ে।

চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী, আগামী তিন দিন তিনি নিজ বাসভবনে বিশ্রামে থাকবেন। তবে এই সময়েও তিনি রাষ্ট্রীয় দায়িত্ব পালন করবেন এবং সব কার্যক্রম দূর থেকেই পরিচালনা করবেন বলে জানানো হয়েছে।

এর আগেও নেতানিয়াহুর শারীরিক সমস্যা দেখা গেছে। ২০২৩ সালে তার হৃদযন্ত্রে পেসমেকার বসানো হয়। একই বছর ডিসেম্বরে প্রস্রাবনালীর সংক্রমণের কারণে অস্ত্রোপচারের মাধ্যমে তার প্রস্টেট অপসারণ করা হয়েছিল।

প্রধানমন্ত্রীর বর্তমান শারীরিক অবস্থা স্থিতিশীল এবং তিনি ধীরে ধীরে সুস্থতার দিকে এগোচ্ছেন বলে দফতর সূত্রে জানা গেছে।